গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের দপ্তর
Strengthening Government Through Capacity Development
of the BCS Cadre Officials.
জনপ্রশাসন মন্ত্রণালয়

নং-০৫.০০.০০০০.২৩৯.২৫.০০৯.২০১৪-৭৮

তারিখ : ৩১ ভাদ্র ১৪২১
১৫ সেপ্টেম্বর, ২০১৪

**বিষয় : বৈদেশিক মাস্টার্স ও ডিপ্লোমা কোর্সে অংশগ্রহণের জন্য দরখাস্ত আহ্বান**

চলতি ২০১৪-২০১৫ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন Strengthening Government Through Capacity Development of the BCS Cadre Officials শীর্ষক প্রকল্পের আওতায় বৈদেশিক মাস্টার্স ডিগ্রী ও ডিপ্লোমা কোর্সে অংশগ্রহণের জন্য এতদসংগে সংযুক্ত বিজ্ঞপ্তিটি আপনার মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিভিন্ন অধিদপ্তর/পরিদপ্তর/ দপ্তর/সংস্থায় এবং বিভিন্ন ক্যাডার সার্ভিস এসোসিয়েশন/সমিতি বরাবর বহুল প্রচারের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

১৫.৯.১৪
(এ,এস,এম অদুদুর রহমান)
সহকারী প্রকল্প পরিচালক
ও
সহকারী প্রধান
ফোন : ৯৫৪০৭৫৯

সংলগ্নী : দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তি।

বিতরণ :

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
(৩) সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
(৪) সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব ........................................................................ (সকল)
(৫) বিভাগীয় কমিশনার, ........................................................................(সকল)
(৬) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, (প্রশাসন/এপিডি/ বিধি/সংগঠন ও ব্যবস্থাপনা/শৃঙ্খলা/সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
(৭) জেলা প্রশাসক, ........................................................................(সকল)
(৮) সিনিয়র সিস্টেমস এনালিষ্ট, লোকপ্রশাসন কম্পিউটার কেন্দ্র, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়। (এতদসংগে সংযুক্ত বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আবেদনের শেষ তারিখ পর্যন্ত প্রদর্শনের জন্য অনুরোধসহ)ঃ
(৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(১০) প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের দপ্তর
Strengthening Government Through Capacity Development
of the BCS Cadre Officials.
জনপ্রশাসন মন্ত্রণালয়

## বৈদেশিক মাস্টার্স ও ডিপ্লোমা কোর্সে অংশগ্রহণের জন্য দরখাস্ত আহ্বান

চলতি ২০১৪-২০১৫ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন Strengthening Government Through Capacity Development of the BCS Cadre Officials শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নোক্ত কোর্সসমূহে অংশগ্রহণের জন্য সকল ক্যাডারের আগ্রহী কর্মকর্তাগণের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। কোর্সের বিবরণ ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | কোর্সের বিবরণ ও সংখ্যা এবং প্রার্থীর বয়স | শর্তাদি | বিষয়সমূহ |
|---|---|---|---|
| ১. | বৈদেশিক মাস্টার্স প্রোগ্রাম<br><br>সর্বোচ্চ ৪০ বৎসর (৩০.১১.২০১৪ তারিখে) আবেদন দাখিলের শেষদিনে | (১) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।<br>(২) সরকারের উপসচিব, সিনিয়র সহকারী সচিব, সহকারী সচিব এবং সমপর্যায়ের সকল ক্যাডারের কর্মকর্তা আবেদন করতে পারবেন।<br>(৩) চাকুরীতে স্থায়ী হতে হবে।<br>(৪) আবেদনকারীদের IELTS-এ overall band score কমপক্ষে ৬.০ হতে হবে। Individual band score-5.5 এর নিচে অর্জনকারীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে যাদের Individual band score-৬.০ তাদের অগ্রাধিকার দেয়া হবে। মেয়াদ উত্তীর্ণ IELTS এর সনদ গ্রহণযোগ্য নয়। সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি দাখিল করতে হবে।<br>(৫) আবেদন পত্রের সংগে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত প্রাথমিক Offer Letter সংযুক্ত করতে হবে।<br>(৬) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগে কোন বিদেশী বিশ্ববিদ্যালয়ের MoU/চুক্তির কারণে কোন প্রার্থীকে ঐ বিশ্ববিদ্যালয়ে মনোনয়ন দেয়া হলে তিনি সেখানে অধ্যয়ন করতে বাধ্য থাকবেন। সেক্ষেত্রে প্রাথমিকভাবে আনীত Offer Letter এর কার্যকারিতা থাকবে না।<br>(৭) চাকুরি জীবনে যারা ইতোপূর্বে এ প্রকল্পের আওতায় অথবা অন্য প্রকল্প/সরকারী অর্থে বৈদেশিক মাস্টার্স ডিগ্রী ও ডিপ্লোমা কোর্স সম্পন্ন করেছেন, তাঁদের আবেদন করার প্রয়োজন নেই। যারা ইতোপূর্বে এ প্রকল্পের কোন কোর্সে (শর্ট কোর্স) অংশগ্রহণ করেছেন, তাঁরাও আবেদনের যোগ্য নন। তবে যারা চাকুরীতে প্রবেশের পর দেশে মাস্টার্স কোর্স সম্পন্ন করেছেন, তারা আবেদন করতে পারবেন। যারা চাকুরীতে যোগদানের পর দেশে কোন মাস্টার্স কোর্স সম্পন্ন করেন নাই তাদের অগ্রাধিকার দেয়া হবে।<br>(৮) আবেদনকারী কর্মকর্তাদের মনোনয়ন চূড়ান্ত হওয়ার পর একটি বন্ড প্রদান করতে হবে।<br>(৯) বিশ্বের উন্নত বিশ্ববিদ্যালয়সমূহ থেকে অফার লেটার আনতে হবে। তবে ওয়ার্ল্ড র‍্যাংকিং-এ প্রথম ১০০ টির মধ্যে তালিকাভুক্ত বিশ্ববিদ্যালয়ের অফার লেটার সংগ্রহকারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>(১০) সরকার বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে প্রার্থীকে তা নিজস্ব তহবিল হতে বহন করতে হবে। মাস্টার্স ও ডিপ্লোমা প্রোগ্রামের জন্য যথাক্রমে সর্বোচ্চ ৩০ লক্ষ ও ২২ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হবে। | Public Management, Governance, Development Administration, Environmental Issues, Global Issues, Global Warming/Climate Change, Renewable Energy, Sustainable Development, Best Practices of Management around the world, Development Economics, Social Studies, Development Planning, Project Processing & Management, Project Monitoring & Evaluation, Financial Management, Organizational Leadership, ICT Management/International Law and other relevant issues. |
| ২. | বৈদেশিক ডিপ্লোমা কোর্স<br><br>সর্বোচ্চ ৪৫ বৎসর (৩০.১১.২০১৪ তারিখে) আবেদন দাখিলের শেষ দিনে | | |

২। আগ্রহী কর্মকর্তাগণকে আগামী ৩০.১১.২০১৪ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে নিম্নস্বাক্ষরকারী বরাবর দরখাস্ত দাখিল করতে হবে। আবেদনপত্রের নমুনা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) হতে ডাউনলোড করা যাবে। কোন প্রার্থী এই প্রকল্পের আওতায় কেবলমাত্র যে কোন ১টি কোর্সের (মাস্টার্স/ডিপ্লোমা) জন্য আবেদন করতে পারবেন।

৩। প্রকল্প দলিল মোতাবেক উল্লিখিত কোর্সসমূহের ব্যয়ভার প্রকল্প খাত হতে মিটানো হবে।

৪। প্রশিক্ষণ শেষে কর্মকর্তাগণ কর্তৃক লব্ধ জ্ঞানের ওপর জনপ্রশাসন মন্ত্রণালয়ে রিপোর্ট পেশ করতে হবে এবং লব্ধ জ্ঞান নিজ কর্মক্ষেত্রে প্রয়োগ বিষয়ে Individual Action Plan (IAP) প্রণয়নপূর্বক তা বাস্তবায়নের ব্যবস্থা নিতে হবে। উক্ত IAP-র কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে রিপোর্টের সাথে জমা দিতে হবে।

স্বাক্ষরিত/-
১৫.০৯.২০১৪
উপ-প্রকল্প পরিচালক
Strengthening Government through Capacity
Development of the BCS Cadre Officials.
ও
যুগ্মসচিব
কক্ষ নং-১২, ভবন নং-৩
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

Strengthening Government through Capacity Development of the BCS Cadre Officials শীর্ষক প্রকল্পের আওতায় Masters/Diploma Course এর জন্য আবেদন।

## আবেদনপত্র

কোর্সের শিরোনাম : ....................................................................................

১. আবেদনকারীর নাম : ....................................................................................

২. জন্ম তারিখ : ....................................................................................

৩. পিতার নাম : ....................................................................................

৪. মাতার নাম :

৫. পদবী : ....................................................................................

৬. পরিচিতি নম্বর : ....................................................................................

৭. কর্মস্থলের ঠিকানা : ....................................................................................

....................................................................................

৮. ক্যাডারের নাম ও ব্যাচ নম্বর : ....................................................................................

৯. ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের নাম : ....................................................................................

....................................................................................

১০. চাকুরীতে যোগদানের তারিখ : ....................................................................................

১১. বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ : ....................................................................................

১২. চাকুরীতে স্থায়ী হওয়ার তারিখ (আদেশ সংযুক্ত করতে হবে) : ....................................................................................

১৩. স্থায়ী ঠিকানা : ....................................................................................

....................................................................................

১৪. মোবাইল নম্বর : ..............................................................................

১৫. ই-মেইল ঠিকানা : ..............................................................................

১৬. পাসপোর্ট নম্বর : ..............................................................................

ইস্যুর তারিখ ..................... মেয়াদ উত্তীর্ণের তারিখ ..........

১৭. IELTS Score :

| Listening | Reading | Writing | Speaking | Overall Band |
|---|---|---|---|---|
| | | | | |

Date of expiry :

১৮. শিক্ষাগত যোগ্যতা :

| ক্রমিক নং | সার্টিফিকেট/ডিগ্রীর বিবরণ | ডিভিশন/শ্রেণী/ জিপিএ | সন | প্রধান প্রধান পাঠ্য বিষয়ের বিবরণ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

১৯. অফার লেটার অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদির বিবরণঃ

| বিষয় | বিশ্ববিদ্যালয় ও দেশের নাম | কোর্সের মেয়াদ | ব্যয়ের পরিমাণ (দেশী/বিদেশী অংকে) |
|---|---|---|---|
| | | | |

২০. চাকুরী জীবনে দেশে অধ্যয়নের বিবরণঃ

| কোর্সের নাম | পঠিত বিষয়ের বিবরণ | বিশ্ববিদ্যালয় ও দেশের নাম | অধ্যয়নের মেয়াদকাল | প্রাপ্ত গ্রেড | অর্থায়নের উৎস | প্রেষণ/শিক্ষা ছুটি |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

২১. চাকুরী জীবনে বিদেশে অধ্যয়নের বিবরণ ঃ

| কোর্সের নাম | পঠিত বিষয়ের বিবরণ | বিশ্ববিদ্যালয় ও দেশের নাম | অধ্যয়নের মেয়াদকাল | প্রাপ্ত গ্রেড | অর্থায়নের উৎস | প্রেষণ/শিক্ষা ছুটি |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

২২. বর্তমানে দেশী বা বিদেশী অর্থায়নে অন্য কোর্সে মূখ্য বা বিকল্প প্রার্থী হিসেবে নির্বাচিত হয়েছেন কিনা? হয়ে থাকলে তার বিবরণ ঃ

| কোর্সের নাম | বিষয় | বিশ্ববিদ্যালয় ও দেশের নাম | কোর্সের মেয়াদ | অর্থায়নের উৎস |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অংগীকার করছি যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন Strengthening Government Through Capacity Development of the BCS Cadre Officials শীর্ষক প্রকল্পের মাধ্যমে বা অন্যভাবে মনোনীত হয়ে ইতোপূর্বে বিদেশে মাস্টার্স/ডিপ্লোমা/শর্ট কোর্সে অংশগ্রহণ করি নাই। উপরোক্ত তথ্যাদি ও বিবরণ আমার জানামতে সঠিক ও নির্ভুল। ভুল তথ্য প্রদান করে থাকলে কর্তৃপক্ষ আমার বিরুদ্ধে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে। আমার বিরুদ্ধে কোন প্রকার বিভাগীয়/ফৌজদারী মামলা চালু নেই।

আবেদনকারীর স্বাক্ষর, তারিখ ও সীল